

আনন্দবাজার পত্রিকা

৪ শ্রাবণ ১৪২৩ বুধবার ২০ জুলাই ২০১৬

শহরে চালু ন্যায্য মূল্যের ‘সুফল বাংলা’

নিজস্ব সংবাদদাতা

২০ জুলাই, ২০১৬, ০০:০০:০০

এ বার ফোন করলেই বাড়ি বসে ন্যায্য মূল্যে টাটকা সজ্জি, মাংস, দুগ্ধজাত সামগ্রী মিলবে। রাজ্য কৃষি বিপণন দফতরের উদ্যোগে ‘সুফল বাংলা’ প্রকল্পের উদ্বোধন করে মঙ্গলবার কৃষি বিপণন দফতরের মন্ত্রী তপন দাশগুপ্ত বলেন, “প্রাথমিক ভাবে নিউ আলিপুরের রজনী মুখার্জি রোড এলাকার দু’কিলোমিটারের মধ্যে বসবাসকারীরা এই হোম ডেলিভারির সুবিধা পাবেন। আগামী দিনে এই সুবিধা আমরা গোটা শহরে ছড়িয়ে দিতে চাই।”

৯৭৪৯৫৭৬৯০৩— এই নম্বরে ফোন করলে আজ, বুধবার থেকেই টাটকা খাদ্যসামগ্রী পৌঁছে যাবে হেঁশেলে। তবে ৫০০ টাকার বেশি সামগ্রী কিনলেই হোম ডেলিভারির সুবিধা পাওয়া যাবে। কৃত্রিম রং মুক্ত, টাটকা শাকসজ্জি কৃষকদের থেকে সরাসরি কিনে তা ন্যায্য মূল্যে সরাসরি সাধারণের কাছে পৌঁছে দিতে ২০১৫ সালেই রাজ্য সরকারের উদ্যোগে চালু হয়েছে ‘সুফল বাংলা’ প্রকল্প। ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন প্রান্তে সুফল বাংলার ৬টি স্থায়ী স্টল রয়েছে। রয়েছে ১৮টি ভ্রাম্যমান কেন্দ্র। প্রাণীসম্পদ বিকাশ দফতরের অধীনস্থ লাইভস্টক ডেভলপমেন্ট কর্পোরেশন উৎপাদিত মুরগি, টার্কি, কোয়েলের মাংস বা মাদার ডেয়ারির দুধ ও দুগ্ধজাত সামগ্রী, বিভিন্ন রকমের হারিয়ে যাওয়া চালও (তুলসীমঞ্জুরী, রাধাতিলক, গোবিন্দভোগ, তুলাইপঞ্জি, কালোনুনিয়া, কালাভাত) পাওয়া যাবে বিপণি থেকে। এ দিন অনুষ্ঠানে ছিলেন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, স্বপন দেবনাথ, তারক সিংহ প্রমুখ।